

যুক্তরাষ্ট্র ভ্রমণে আগ্রহীদের জন্য দূতাবাসের বার্তা

- A Monitor Desk Report

Date: 21 March, 2026



ঢাকা : যুক্তরাষ্ট্রে ভ্রমণের পরিকল্পনা করার আগে সম্ভাব্য ভ্রমণ বিঘ্ন বা চিকিৎসাজনিত জরুরি পরিস্থিতির খরচসহ নিজের খরচ বহন করার মতো যথেষ্ট আর্থিক সামর্থ্য নিশ্চিত করার পরামর্শ দিয়েছে ঢাকার মার্কিন দূতাবাস।

শনিবার (২১ মার্চ) দূতাবাস এক বার্তায় এই তথ্য জানিয়েছে।

দূতাবাস বলেছে, ভিসা সাক্ষাৎকারে যথাযথ প্রস্তুতি নিয়ে আসুন এবং এমন প্রমাণপত্র সঙ্গে রাখুন যা দেখাবে আপনি যুক্তরাষ্ট্রে প্রবেশের পর সরকারি সহায়তার ওপর নির্ভরশীল হবেন না।

বার্তায় আরও বলা হয়, ভুয়া নথি উপস্থাপন করা প্রতারণার মধ্যে পড়ে; এতে আপনি ভিসার জন্য অযোগ্য হয়ে পড়তে পারেন এবং স্থায়ীভাবে অযোগ্য ঘোষিত হতে পারেন।

-B